ভোরের কাগজ

তারিখ ... SEP. 12 1999
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...

# ঢাবির ডিন নির্বাচন ২৭ সেপ্টেম্বর
# নীল-সাদা প্রতিদ্বন্দ্বিতা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিন নির্বাচন আগামী ২৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। গতকাল শনিবার কর্তৃপক্ষ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।

বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের এ নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত নীল দল এবং বিএনপি ও জামাত সমর্থিত সাদা দল অংশ নেবে। বাম সমর্থক গোলাপী দল এ নির্বাচনে অংশ নেবে না বলে জানা গেছে। তবে তারা নীল দলকে সমর্থন দেবে বলে জানা গেছে।

নির্বাচনে কলা অনুষদে নীল দল থেকে বর্তমান ডিন ইতিহাস বিভাগের অধ্যাপক কাজী শহিদুল্লাহ এবং সাদা দল থেকে গণযোগাযোগ সাংবাদিকতা বিভাগের অধ্যাপক তৌহিদুল আনোয়ার, সামাজিক বিজ্ঞান অনুষদে সাদা দল থেকে বর্তমান ডিন লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক আসাদুজ্জামান এবং নীল দল থকে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক হারুন অর রশিদ। বিজনেস স্টাডিজ অনুষদে বর্তমানে ডিন হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল হাশেম নীল দল থেকে এবং সাদা দল থেকে মার্কেটিং বিভাগের অধ্যাপক আবুল কালাম আজাদ তার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন। বিজ্ঞান অনুষদে নীল দলের প্রার্থী পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক মেসবাহ উদ্দীন আহমেদ সাদা দলের পরিসংখ্যান বিভাগের অধ্যাপক শফিকুর রহমান। জীববিজ্ঞান অনুষদ অনুজীব বিজ্ঞান বিভাগের সিরাজুল ইসলাম খান সাদা দল এবং নীল দল থেকে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের এ জেড এম নওশের আলী খান নির্বাচন করবেন। ফার্মেসি অনুষদের নীল দলের হয়ে বর্তমান ডিন অধ্যাপক মুনির উদ্দীন আহমেদ এবং সাদা দলের হয়ে অধ্যাপক চৌধুরী মাহমুদ হাসান আইন অনুষদে সাদা দলের প্রার্থী বর্তমান ডিন অধ্যাপক এরশাদুল বারী এবং নীল দলের অধ্যাপক এম আই পাটোয়ারী নির্বাচনে প্রতিদ্বিন্দ্বিতা করবেন।

ঘোষিত তফসিল অনুযায়ী আগামী বৃহস্পতিবার বিভাগীয় চেয়ারম্যানের কাছ থেকে মনোনয়নপত্র সংগ্রহ করে জমা দিতে হবে। ১৯ সেপ্টেম্বর পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। ২৯ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভোট গ্রহণ হবে। উপ-উপাচার্য অধ্যাপক শাহাদাত আলী এ নির্বাচন পরিচালনা করবেন।